

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৭(২১)শুক্রঃ রপ্তানি ও  
বন্ড/২০০৭/৫০(১) তারিখ: ০২/০৩/২০১১ এর প্রেতি  
বন্ডের আওতায় প্লাস্টিক এক্সেসরিজ (পলি শিল্পের  
কাঁচামাল আমদানির ক্ষেত্রে খালাস পর্যায়ে  
ব্যাংক গ্যারান্টি প্রদানের শর্ত প্রত্যাহার করে  
বর্তমানে বন্ড সুবিধায় সম্ভাব্য অপব্যবহার রোধে  
বন্ডের আওতায় আমদানিকৃত প্লাস্টিক শিল্পের কাঁচামাল  
দ্বারা প্রস্তুতকৃত পণ্যের ক্ষেত্রে রপ্তানীর সময় দৈবচয়নের  
ভিত্তিতে সর্বমোট চালানের ৫% কায়িক পরীক্ষাকরার নির্দেশ দেয়া হয়। এত্রে সংশ্লিষ্ট রপ্তানিকারক  
অন্যান্য রপ্তানি দলিলাদির সাথে সংশ্লিষ্ট কাস্টম হাউসে ইউডিআর কপি দাখিল করবে। কায়িক  
পরীক্ষার মাধ্যমে ইউডিআরে উল্লেখিত পণ্যের বর্ণনা, আকৃতি, সংখ্যা ও পরিমাণ অনুসারে পণ্য  
যথাযথভাবে রপ্তানি হয়েছে কি-না তা যাচাই করতে হবে এবং এবং কোন অনিয়ম থাকলে কাস্টম  
হাউস যথাযথ ব্যবস্থা নেবে।

পলিব্যাগ ও হ্যাংগার শিল্পে  
কাঁচামাল খালাসের কালে  
প্রদত্ত ব্যাংক গ্যারান্টির  
পরিবর্তে বর্তমানে কি ব্যবস্থা  
অনুসরণযোগ্য ?